দৈনিক সংবাদ ৩০/১০/২০০৫

তারিখ ...
পৃষ্ঠা ...১৫... কলাম ...



# ভিনদেশে পড়াশোনা ঃ যুক্তরাষ্ট্রই সেরা

নাদিমুল হক মণ্ডল নাদিম

ভিনদেশে লেখাপড়া

সারাবিশ্বে পোস্ট সেকেন্ডারি পড়াশোনা করতে প্রতিবছর ১.২ মিলিয়ন শিক্ষার্থী তাদের দেশ ছেড়ে বিদেশে যায় আর এদের মধ্যে আশ্চর্যজনক হলেও সত্য যে, এক-তৃতীয়াংশেরও বেশি যায় যুক্তরাষ্ট্রে। কেন প্রতিবছর এত ব্যাপক সংখ্যক শিক্ষার্থী যুক্তরাষ্ট্রের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে ভিড় জমায়? চলুন দেখা যাক যুক্তরাষ্ট্র আপনাকে কি কি সুবিধা অফার করছে ...

**চমৎকার অ্যাকাডেমিক পরিসর**

বিদ্যাজাগতিক প্রত্যেকটি ফিল্ডেই যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলোর ব্যবস্থা চমৎকার। আন্ডার গ্রাজুয়েট লেবেলে ট্র্যাডিশনাল ডিসিপ্লিনগুলোতে যেমন, ঠিক তেমনি প্রফেশনাল ফিল্ডেরও ব্যবস্থা আছে। আর গ্রাজুয়েট লেবেলে শিক্ষার্থীরা কাজ করতে পারে সরাসরি বিশ্বের সেরা সব কোম্পানির সাথে। উৎকর্ষতার কারণে সারাবিশ্বেই যুক্তরাষ্ট্রের ডিগ্রিগুলো গ্রহণযোগ্য।

**শিক্ষা সুবিধার বৈচিত্র্যতা**

যুক্তরাষ্ট্রের শিক্ষা সবার জন্য নিবিদিত কিছু কলেজ-বিশ্ববিদ্যালয় যেমন শুধু পড়াশোনার ওপর জোর দেয় অন্য অনেকগুলো ব্যবহারিক, চাকরির জন্য উপযোগী স্কিল, বিশেষায়িত টেকনিক্যাল ফিল্ডও আছে। বিজ্ঞানের সাথে সাথে কলা, বাণিজ্য, সমাজবিজ্ঞানের শিক্ষার সুযোগও আছে। তাই কোন একটি বিষয়ে পড়তে চাইলে সে বিষয়টা খুঁজে পাওয়া যুক্তরাষ্ট্রে কোন ব্যাপারই নয়।

**প্রযুক্তির লভ্যতা ...**

উঁচুমানের প্রযুক্তি শিক্ষার্থীদের দোরগোড়ায় হাজির করার জন্য যুক্তরাষ্ট্রের বিশ্ববিদ্যালয়গুলো গর্ব করতেই পারে। এমনকি আপনি যদি বিজ্ঞান অথবা ইঞ্জিনিয়ারিং নাও পড়তে আসেন তবুও ইনফরমেশন প্রসেসের লেটেস্ট টেকনোলজির সাথে পরিচিত হয়ে যাবেন।

**গবেষণা, ট্রেনিং, শিক্ষাদান ...**

আপনি যদি একজন গ্রাজুয়েট স্টুডেন্ট হোন তবে গবেষণার সুযোগ অথবা নিজের পড়াশোনার খরচ চালানোর জন্য টিচিংও করতে পারেন। পড়াশোনার সাথে সাথে এ ধরনের কাজ ভাল ক্যারিয়ারের জন্য আপনাকে যোগ্য করে তুলবে- যেটা কিনা সম্ভব নয় শুধু বইয়ের পোকা হয়ে বসে থাকলে।

আন্তর্জাতিক ছাত্রছাত্রীরা খ্যাতিমান শিক্ষক ও গবেষক হিসেবে পরিচিতি পায় কেননা তারা ক্লাসরূপে নতুন স্কিল ও আইডিয়া নিয়ে আসতে পারে। অনেক গ্রাজুয়েট প্রোগ্রামেই রিসার্চ অ্যাসিস্টেন্ট হিসেবে তাদের জন্য স্পেশাল কোর্স অফার করা হয়।

**ইচ্ছা স্বাধীন**

আপনার কোর্স আপনি নিজের পছন্দমতো গড়ে নিতে পারেন। বিশেষ করে গ্রাজুয়েট থিসিস অথবা ডিজার্টেশনের ইন্ডিপেন্ডেন্ট স্টাডির সময় আপনি নিজের, নিজ দেশের অথবা নিজ ফিল্ডে কাজে লাগবে এমন কোর্স ডিজাইন করে নিতে পারেন।

**সাপোর্ট সার্ভিস ...**

বেশিরভাগ প্রতিষ্ঠানেই ইন্টারন্যাশনাল স্টুডেন্ট অফিস থাকে যারা নিরন্তর বিদেশী শিক্ষার্থীদের সেবায় নিয়োজিত। ওরিয়েন্টেশন ডে থেকে র‍্যাগ ডে পর্যন্ত আপনি দেখতে পাবেন, আপনার সাফল্য দেখে আনন্দিত লোকের সংখ্যা নেহায়েত কম নয়।

**ক্যাম্পাস জীবন ঃ** বিশ্ববিদ্যালয়গুলো অ্যাকাডেমিক, কালচারাল এবং অ্যাথলেটিক অ্যাক্টিভিটিজের উঁচুমান বজায় রাখে। সেগুলোর মাধ্যমে আপনি নতুন বন্ধু খুঁজে পেতে সাহায্য পাবেন।

**বৈশ্বিক শিক্ষা**

আন্তর্জাতিক পরিসরে শিক্ষা অভিজ্ঞতা আপনার জন্য উঁচুদরের কমোডিটি। দীর্ঘকালীন বাইরে পড়াশোনা নিজের ওপর আস্থা বাড়াবে, স্বাধীনচেতা করে তুলবে আর এ সময় অর্জিত ক্রস-কালচারাল স্কিল নিরন্তর আপনাকে বিশ্বের যেকোন দেশে উঁচুদরের কাজে কামিয়াব করে তুলবে। এসব বিবেচনায় আপনি যদি যুক্তরাষ্ট্রে পড়াশোনায় আগ্রহী হন তবে অবশ্যই ক্লিক করুন আজই পরামর্শ নিতে এবং বিস্তারিত জানতে-

www.internationalstudent.com
www.transworldeducation.com